



কৃষিই সমৃদ্ধি

## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

তারিখ: ১১/০৫/২০১৭খ্রি:

### প্রেস বিজ্ঞপ্তি

#### ধান ও গমের ব্লাস্ট রোগ ব্যবস্থাপনা বিষয়ে মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়ের পরামর্শ

দেশের কিছু এলাকায় গত বছর গমের ব্লাস্টরোগ এবং এ বছর গম ও ধানের ব্লাস্টরোগ দেখা দেয়ায় সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিয়েছে। ধানের ব্লাস্টরোগ প্রতিরোধের ক্ষেত্রে একই জমিতে বছরে ৩ বার ধান চাষের পরিবর্তে কার্যকরী শস্য-বিন্যাস প্রবর্তন প্রয়োজন। এ লক্ষ্যে বিজ্ঞানী ও সম্প্রসারণ কর্মকর্তাদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

অদ্য ১১/০৫/২০১৭ তারিখে সকাল ১০.০০ টায় ঢাকার ফার্মগেটস্থ বিএআরসি'র সভাকক্ষ-১ এ কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের উদ্যোগে ধান ও গমের ব্লাস্ট রোগ ব্যবস্থাপনা বিষয়ক অনুষ্ঠিত পরামর্শক সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানের সময় মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এসব কথা বলেন। তাছাড়া, ভুট্টায় এ ধরনের রোগ প্রতিরোধের জন্য এখন থেকে রোগ প্রতিরোধী জাত উদ্ভাবনে তিনি বিজ্ঞানীদের দিক নির্দেশনা প্রদান করেন।

কৃষি বিষয়ে প্রতিবেদন তৈরী ও প্রকাশের বিষয়ে তিনি সংবাদিকদের আরো সংবেদনশীল হওয়ার আহবান জানিয়ে বলেন যে, এ বিষয়ে কোন বিভ্রান্তিকর তথ্য কৃষক পর্যায়ে তথ্য ফসল উৎপাদনের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। বিগত ৩১ বছর ধরে গমের ব্লাস্ট রোগ প্রতিরোধী কোন জাত উদ্ভাবিত না হওয়ায় তিনি আন্তর্জাতিক গম ও ভুট্টা উন্নয়ন কেন্দ্র (সিমিট)-কে এ বিষয়ে গবেষণা কার্যক্রম জোড়দার করার আহবান জানান।

সভায় (১) ধান ও গম ফসলের ব্লাস্টরোগের আক্রমণ, (২) বাংলাদেশে ধানের ব্লাস্টরোগের বর্তমান অবস্থা এবং ব্যবস্থাপনা কৌশল এবং (৩) গমের ব্লাস্টরোগের বর্তমান অবস্থা ও এর ব্যবস্থাপনা কৌশল ও গবেষণা অগ্রগতি বিষয়ক ৩টি প্রবন্ধ যথাক্রমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর পরিচালক (সরেজমিন) জনাব চৈতন্য কুমার দাস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট-এর রোগতত্ত্ব বিভাগের প্রধান ড. মোঃ আবদুল লতিফ এবং গম গবেষণা কেন্দ্র, বিএআরআই দিনাজপুর এর পরিচালক ড. নরেশ চন্দ্র দেব বর্মা কর্তৃক উপস্থাপিত হয়।

জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, সচিব, কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত পরামর্শক সভায় বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মহাপরিচালক জনাব মো. গোলাম মারুফ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট-এর মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিকসহ কৃষি গবেষণা, সম্প্রসারণ এবং কৃষি বিশ্ববিদ্যালয়সমূহ থেকে মোট ৫০ জন সংশ্লিষ্ট বিজ্ঞানী/কর্মকর্তাগণ উস্থিত ছিলেন। তাছাড়া, সভায় বাংলাদেশস্থ আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) এবং আন্তর্জাতিক গম ও ভুট্টা উন্নয়ন বিষয়ক কেন্দ্র (সিমিট) এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

উক্ত পরামর্শক সভায় গৃহীত সুপারিশের ভিত্তিতে দেশে ধান ও গমের ব্লাস্টরোগ প্রতিরোধে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/

(মোঃ মুস্তাফিজুর রহমান)

প্রিন্সিপাল ট্রেনিং অফিসার

ফোন: ৯১৩২৪১২/০১৭১৭১৭১৯৮৬

প্রতি:

বার্তা সম্পাদক/পরিচালক (বার্তা)

দৈনিক.....